গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
www.dss.barisaldiv.gov.bd

## সমাজসেবা অধিদপ্তর, বরিশাল বিভাগের উপপরিচালক/সমমান ও অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র এর অংশগ্রহণে সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব শাহ মো: রফিকুল ইসলাম, পরিচালক (উপসচিব), বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।

তারিখ ও সময় : ০১ জুন ২০২৫ খ্রি., সময়: দুপুর ০৩:৩০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভাপতির অনুমতিক্রমে জনাব আল মামুন তালুকদার, উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীর উপর উপস্থিত সদস্যবৃন্দের মধ্য হতে কোনো সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | কোন সংশোধনী না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল। |
| ০২. ভাতা (G2P) কার্যক্রম | ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তি ভাতার পে-রোল প্রদান বিষয়ে আলোচনা হয়। | ২০২৪-২৫ অর্থ বছরের ৪র্থ কিস্তি ভাতার অবশিষ্ট পে-রোল নির্ভুলভাবে সম্পন্ন করতে বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ। উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল) বরিশাল বিভাগ। |
| ০৩. ঋণ কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | অবিনিয়োগকৃত সকল অর্থ বিনিয়োগের ব্যাপারে আলাচনা হয়। উপপরিচালকগণ জানান যে পল্লী সমাজসেবা কার্যক্রমের বরাদ্দকৃত বেশ কিছু টাকা এখনও ব্যাংক হিসাবে জমা হয়নি। জমা হলেই বিনিয়োগের যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। | অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগ ও বিনিয়োগকৃত অর্থের আদায় নিশ্চিত করতে সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিদেরকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে বলা হয়। বিশেষ করে ফিল্ড সুপারভাইজার ও ইউনিয়ন সমাজকর্মীদের এ কাজের KPI (Key Performance Indicator) নিশ্চিত করতে বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল) উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল) বরিশাল বিভাগ |
| ০৪. ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | উপপরিচালকগণ জানান যে, ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানার ২য় কিস্তির টাকা উপজেলার আইবাসে জমা হয়েছে। প্রতিষ্ঠান কর্তৃক বিল দাখিল করা হলে নীতিমালা মোতাবেক ও পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী বিল প্রদান করা হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়মিত এতিমখানা পরিদর্শন করবেন। বিল পাশ করার সময় সংশ্লিষ্ট কর্মকর্তাকে বিলভাউচার সঠিক আছে কিনা তা যাচাই বাছাই করে এবং ক্যাপিটেশন গ্র্যান্ট নীতিমালা ২০২৪ অনুসরণ করে বিল অনুমোদনের জন্য বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল) উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল) বরিশাল বিভাগ |
| ০৫. হাসপাতাল সমাজসেবা কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | ৫.১ উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল জানান যে, শের-ই-বাংলা মেডিকেল কলেজের রোগীদের হাসপাতাল সমাজসেবা কার্যালয় হতে সেবা গ্রহণ করতে হলে ভর্তির সময় রোগী অসহায় ও দু:স্থ মর্মে স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়ন দিতে হয় যা বেশিরভাগ ক্ষেত্রেই রোগী দিতে পারেনা। ফলে সেবা প্রদান করা যায়না। | ৫.১ সেবা সহজীকরণের বিষয়ে রোগী কল্যাণ সমিতির সভায় সিদ্ধান্ত নেয়ার জন্য হাসপাতাল সমাজসেবা অফিসারকে বলা হয়।<br><br>৫.২ উপজেলা পর্যায়ের রোগী কল্যাণ সমিতিগুলোকে সচল করার জন্য বলা হয়। রোগী কল্যাণ সমিতির বিষয়ে সাধারন মানুষ অবগত নয়। এ বিষয়ে উপজেলা সমন্বয় | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল) হাসপাতাল/উপজেলা/শহর সমাজসেবা অফিসার (সকল) বরিশাল বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | ৫.২ সকল হাসপাতালগুলোতে রোগী কল্যাণ সমিতির যে পৃথক কমিটি রয়েছে সেই কমিটির মাধ্যমে সেবা প্রদান বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।<br><br>৫.৩ পরবর্তী সভায় শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এবং জেনারেল হাসপাতাল, বরিশালের সমাজসবা অফিসারের উপস্থিতি নিয়ে আলোচনা হয়। | সভায় আলোচনা করার জন্য সকল সমাজসেবা অফিসারকে উপপরিচালকগণ নির্দেশনা প্রদান করবেন।<br><br>৫.৩ সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং সমাজসেবা অফিসার, জেনারেল হাসপাতাল, বরিশালকে সকলের সম্মতিতে কো-অপ্ট করা হয় এবং পরবর্তী সভা হতে উপস্থিত থাকতে বলা হয়। | |
| ০৬. প্রতিষ্ঠান সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | সরকারি শিশু পরিবারসহ সকল প্রতিষ্ঠানের নিবাসী ভর্তি ও খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসাসহ যাবতীয় বিষয়ে আলোচনা করা হয়। ঈদুল আযহায় অধিদপ্তর নির্ধারিত মেন্যু অনুসরন করে সকল নিবাসীদের খাবার প্রদান, নিবাসীদের মাছ সরবরাহের ক্ষেত্রে টেন্ডারে উল্লেখিত সকল মাছ থেকেই সরবরাহ করণ নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত চার্ট অনুযায়ী নিবাসীদের খাবার সরবরাহ করার জন্য বলা হয়। ঈদুল-আযহা উপলক্ষ্যে কোরবানির পশু ক্রয়/ব্যবস্থা করার জন্য বলা হয়। অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মেন্যু অনুযায়ী ঈদের দিন খাবার সরবরাহের জন্য বলা হয়। এছাড়া ঈদ উপলক্ষ্যে সকল শিশুদের নতুন পোশাক সরবরাহের জন্য বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপতত্ত্বাবধায়ক/সমমান (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৭. ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত | উপপরিচালকগণ জানান যে, বরাদ্দ প্রাপ্তির পর তাঁরা উপজেলা/শহর সমাজসেবা অফিসারদের একাউন্টে অর্থ বিতরণ করেছেন। | উপজেলা/শহর সমাজসেবা অফিসারদেরকে উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ভিক্ষুক পুনর্বাসনের নিমিত্তে অর্থ ব্যয় করার জন্য বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>উপজেলা /শহর সমাজসেবা অফিসার (সকল)<br>বরিশাল বিভাগ |
| ০৮. ডি-নথি কার্যক্রম | উপপরিচালকগণ ডি-নথি ব্যবহার শুরু করলেও উপজেলা/প্রতিষ্ঠান পর্যায়ে ব্যবহারে আন্তরিকতা পোষণ করছেন না বলে অনুমিত হয়। তাছাড়া বিভাগের অধিকাংশ সহকারী পরিচালক এবং উপজেলা/শহর সমাজসেবা অফিসারকে ডি-নথি সিস্টেমেই পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে সভায় দু:খ প্রকাশ করা হয়। Less Paper Office ব্যবস্থাপনার জন্য ইলেকট্রনিক পদ্ধতিতে তথ্য আদান প্রদান জরুরি। | উর্ধ্বতন ও অধস্তন কার্যালয়ের সাথে ডি-নথির মাধ্যমে উপপরিচালকগণ ও অন্যান্য অফিসারগণ নিয়মিত পত্র আদান-প্রদান করবেন। উপপরিচালকগণকে এ কার্যালয়ের সাথে ডি-নথির মাধ্যমে সকল পত্র আদান প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। জেলা কার্যালয়সহ সকল ইউনিটে দ্রুতগতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ স্থাপন করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ |
| ০৯. এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালী | সভায় এতিম, দু:স্থ ও প্রতিবন্ধী মেয়েদের জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পটুয়াখালীর কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। | নীতিমালা মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম সঠিক ও বাস্তবমুখী করতে বলা হয়। প্রশিক্ষণার্থী বাড়ানোর উদ্দেশ্যে প্রচার করার জন্য বলা হয়। | জেনারেল ম্যানেজার<br>ও<br>সংশ্লিষ্ট<br>কর্মকর্তা / কর্মচারী (সকল) |
| ১০. আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল। | সমাজসেবা অধিদপ্তরের কর্মচারীদেরকে যুগোপযুগী প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করা প্রসঙ্গে আলোচনা হয়। | APA এর শর্তাবলী মোতাবেক নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে সকল কর্মচারিকে দক্ষ করতে বলা হয় যাতে তারা নির্ভুলভাবে প্রতিবেদন প্রস্তুত করতে পারে। | অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল। |

| | | | |
|---|---|---|---|
| ১১. এসডিজি ও সামাজিক নিরাপত্তার সভা আয়োজন ও বাস্তবায়ন। | এসডিজি ও সামাজিক নিরাপত্তার নিয়মিত সভা আহ্বানসহ সঠিকভাবে বাস্তবায়ন করার উপর আলোচনা করা হয়। | এসডিজি ও সামাজিক নিরাপত্তার নিয়মিত সভা আহ্বানসহ সংশ্লিষ্টদের কার্যবিবরণী প্রেরণ করার জন্য বলা হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ |
| ১২. বিবিধ | সভায় নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুল মাসিক ও অন্যান্য প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে নির্ভূল মাসিক ও অন্যান্য প্রতিবেদন প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল), বরিশাল বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/৬/২৫

(শাহ মো: রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।

স্মারক নং- ৪১.২১.০০০০.০০০.০৬.২৩৫.২১-৩২৪

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, বরিশাল।
০৪. জেলা প্রশাসক (সকল), বরিশাল বিভাগ।
০৫. পরিচালক (প্রশাসন ও অর্থ / কার্যক্রম / প্রতিষ্ঠান/ সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৭. উপপরিচালক/সমমান (সকল), বরিশাল বিভাগ।
০৮. অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।
০৯. সহকারী পরিচালক (সকল), বরিশাল বিভাগ।
১০. সমাজসেবা অফিসার, হাসপাতাল সমাজসেবা কার্যালয়, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল/জেনারেল হাসপাতাল, বরিশাল (পরবর্তী সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১১. অফিস কপি।

০১/৬/২৫

(আল মামুন তালুকদার)
উপপরিচালক
বিভাগীয় কার্যালয়
সমাজসেবা অধিদপ্তর, বরিশাল।